

স্টাডি ইন মালয়েশিয়া অ্যাডুকেশন ফেয়ার শুরু ১৮ জুলাই

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ১৫ জুলাই ২০২৫

গ্লোবাল উচ্চশিক্ষার স্বপ্ন পূরণকে আরও এক ধাপ এগিয়ে নিতে বাংলাদেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে স্টাডি ইন মালয়েশিয়া অ্যাডুকেশন ফেয়ার ২০২৫। এই ব্যতিক্রমধর্মী শিক্ষা মেলা আগামী ১৮ জুলাই থেকে শুরু হয়ে ২৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে বাংলাদেশের তিনটি প্রধান শহর ঢাকা, চট্টগ্রাম ও খুলনা। মালয়েশিয়ার প্রতিষ্ঠান ই এম জি এস এ মেলার আয়োজন করছে যেখানে শিক্ষার্থীরা পাবেন মালয়েশিয়ার বিশ্বমানের বিশ্ববিদ্যালয়গুলোতে সরাসরি ভর্তির সুযোগ।

মেলা উপলক্ষে মঙ্গলবার,(১৫ জুলাই ২০২৫) গুলশান ক্লাবে এক সাংবাদ সম্মেলন আয়োজন করা হয়। এতে বাংলাদেশ এ মালয়েশিয়ার রাষ্ট্রদূত প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ সময় ই.এম.জি.এস. এর উর্ধ্বতন কর্মকর্তাসহ বাংলাদেশে মেলার আয়োজক ‘নলেজ হাব বাংলাদেশ’ এর কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, ‘আগামী ১৮ ও ১৯ জুলাই, ঢাকার বনানিতে হোটেল সারিনায়, ২১ জুলাই, খুলনায় হোটেল ক্যাসল সালাম এ এবং ২৪ জুলাই চট্টগ্রাম এর হোটেল দ্য পেনিনসুলা তে মেলাগুলো অনুষ্ঠিত হবে। এ মেলাতে অংশ নিচ্ছে মালয়েশিয়ার শীর্ষ ১৫টির বেশি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় যেমন, ইউনিভার্সিটি মালয়া, ইউনিভার্সিটি টেকনোলজি মালয়েশিয়া, এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটি, ইউসিএসএল, এমএমইউ, এমএসইউ, এসইজিআই এবং আরও অনেক প্রতিষ্ঠান।’

এই মেলায় আবেদনকারী শিক্ষার্থীদের জন্য বিশেষ আকর্ষণ হিসেবে থাকছে অবিশ্বাস্য উপহার যেমন ফ্রি এয়ার টিকেট অথবা ব্র্যান্ড নিউ ল্যাপটপ, আকর্ষণীয় গুডি ব্যাগ ও লাইভ ৩৬০ ক্যামেরা বুথে ছবি তোলার সুযোগ- যেখানে শিক্ষার্থী ও ভিজিটররা মজাদার মুহূর্ত ধরে রাখতে

পারবেন। এছাড়া, ফেয়ারের অংশ হিসেবে ঢাকায় অনুষ্ঠিত হবে একটি এক্সক্লুসিভ নেটওয়ার্কিং সেশন, যেখানে উপস্থিত থাকবেন মালয়েশিয়ান বিশ্ববিদ্যালয় প্রতিনিধি, বাংলাদেশের স্কুল-কলেজের কাউন্সেলর ও মিডিয়া পারসোনালিটি।

এই সেশনের লক্ষ্য দুই দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বাড়ানো এবং বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য মালয়েশিয়াকে একটি পছন্দসই শিক্ষাগন্তব্য হিসেবে তুলে ধরা।